



ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

(পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ)

আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।



স্মারক নং- ৪৭.৬৫.৬১০০.১০৯.২৫.২০২২-৩৮

তারিখঃ- ২৮/০৯/২০২২ ইং

প্রাপক,

উপজেলা ব্যবস্থাপক (সকল)
আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।

বিষয়ঃ- যথাযথ নির্দেশনা

- ❖ অফিস সংক্রান্ত ৪ প্রত্যেক উপজেলা অফিসের সকল আসবাবপত্র ও টয়লেটসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ❖ কম্পিউটার সংক্রান্তঃ কম্পিউটারের সকল মালামাল প্রতিমাসে পরিষ্কার পরিচ্ছন্নতা সহ সযত্নে রাখতে হবে।
- ❖ প্রত্যেক উপজেলা ব্যবস্থাপককে উপজেলা পরিষদেও ক্লাবের সদস্য হতে হবে এবং প্রশাসনের সাথে সু-সম্পর্ক স্থাপন করতে হবে।
- ❖ মামলা সংক্রান্তঃ- খেলাপীর ধরন অনুযায়ী সার্টিফিকেট, চেক-ডিজঅনার এবং ফৌজদারি মামলা যথা সময়ে দাখিল করতে হবে এবং নিষ্পত্তির লক্ষ্যে দক্ষতা অনুযায়ী পদক্ষেপ নিতে হবে।
- ❖ প্রত্যেক উপজেলা এসএফডিএফ অফিস, উপজেলা পরিষদের ভিতরে নেওয়ার বিষয়ে জোর প্রচেষ্টা চালাতে হবে। নতুবা উপজেলার কাছাকাছি স্থানান্তর করে উপজেলা পরিষদের সাথে সু-সম্পর্ক বজায় রাখতে হবে।
- ❖ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সংযুক্ত করে ঋণ বিতরণ চেষ্টা করতে হবে।
- ❖ ক্ষুদ্র ঋণ কমিয়ে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের দিকে ধাবিত হতে হবে।
- ❖ একাউন্ট পে চেকের মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে।
- ❖ ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রাহকের মূল আই ডি কার্ড প্রদর্শন করত হবে।
- ❖ প্রয়োজনে বিনিয়োগ স্থিতি বৃদ্ধি করে উপজেলাকে লাভজনক অবস্থায় নিয়ে যেতে হবে।
- ❖ ঋণ বিতরণে কোন রিসিডিউলিং, অগ্রীম আদায়, চায়ের দোকান, ক্লিনিকসহ বিকাশের ও মোবাইল রিচার্জের দোকান পরিহার করতে হবে।
- ❖ পর্যায়ক্রমে উপজেলার প্রত্যেক ইউনিয়ন ঋণের আওতায় আনতে হবে।
- ❖ চলতি খেলাপী শতভাগ রোধ করতে হবে এবং কোন অবস্থাতেই মেয়াদোত্তীর্ণ খেলাপী হতে দেওয়া যাবে না। কোন কারণে যদি চলতি খেলাপী পড়ে তাহলে পরের সপ্তাহে ডাবল কিস্তি আনতে হবে। এমনকি চলতি খেলাপী কিস্তির ব্যাপারে উপজেলা ব্যবস্থাপক মাঠ কর্মকর্তাদের নিয়ে বিকাল বেলায় মাঠে গমন করে চলতি কিস্তি খেলাপী রোধে সর্বাঙ্গিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ❖ প্রতিদিন অটোমেশনে আপডেট রাখতে বা থাকতে হবে।
- ❖ কোন অবস্থাতেই হাতে নগদ রাখা যাবে না।

[প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুসারে এ আদেশ প্রদান করা হলো।]

(মোঃ মাহবুবুর রহমান)

আঞ্চলিক ব্যবস্থাপক

আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।